গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের নিমিত্ত গঠিত কোর কমিটি কর্তৃক প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মুহিবুজ্জামান<br>অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) |
| সভার তারিখ | : | ০৪/০৪/২০২৪খ্রি. |
| সভার সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ শিশু একাডেমি নামে একটি স্বায়ত্তশাসিত সংস্থা রয়েছে । যা শুধুমাত্র প্রতিটি জেলা শহর এলাকায় শিশুদের সাংস্কৃতিক ও মনোসামাজিক উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করে থাকে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৮(৪) অনুচ্ছেদে নারী শিশুদের অনুকূলে কিংবা নাগরিকদের যে কোন অনুগ্রসর অংশের অগ্রগতির জন্য বিশেষ বিধান-প্রণয়ন হইতে অনুচ্ছেদের কোন কিছুই রাষ্ট্রকে নিবৃত্ত করিবে না। তিনি সংবিধানের ১৫নং অনুচ্ছেদ উল্লেখ করেন। সংবিধানের ১৫ নং অনুচ্ছেদে শিশু অধিকার রক্ষার নিশ্চয়তার পাশাপাশি শিশুর খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য সুরক্ষা ও বিনোদনের প্রতিশ্রুতি নিশ্চিত উল্লেখ করেন। সভাপতি মহোদয় বঙ্গবন্ধু ও শিশু অধিকার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতীয় শিশুনীতি ২০১১ এবং শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের যৌক্তিকতা তুলে ধরেন। তিনি সভাকে অবহিত করেন যে, গত ১৭/১০/২০১৭ তারিখে ২০৩ নং স্মারকে শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের লক্ষ্যে ২০ সদস্য বিশিষ্ট কোর কমিটি গঠন করা হয়। কোর কমিটির আহবায়ক তদকালীন অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) এবং সদস্যসচিব উপসচিব (শিশু ও সমন্বয়)। তিনি কোর কমিটির কার্যপরিধি সকলকে অবহিত করেন। তিনি জানান যে, কোর কমিটি ১৮/০৯/২০১৮ তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনে প্রস্তাবিত শিশু অধিদপ্তরের কার্যাবলীতে ৫টি শ্রেণীতে বিভাজন পূর্বক মোট ৭২টি কার্য প্রস্তাব করা হয়। তিনি আরো উল্লেখ করেন যে কোর কমিটি শিশু একাডেমিকে বর্তমান আঙ্গিকে বহাল রেখে প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তরের জন্য পৃথক মোট ২২৪৬টি পদের সমন্বয়ে একটি অর্গানোগ্রাম প্রস্তাব করে, তিন পর্বে জনবল সৃজন/নিয়োগের প্রস্তাব করা হয়ঃ-

১ম পর্ব- কেন্দ্রীয় ও বিভাগীয় কার্যালয়-১৩৩ জন

২য় পর্বে- জেলা কার্যালয়-১৫২ জন

৩য় পর্ব- উপজেলা কার্যালয়-১৪৭৬ জন।

কোর কমিটির প্রতিবেদনে শিশু বিষয়ক অধিদপ্তরের প্রস্তাবিত পদ সমূহের দায়িত্বাবলী সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে।

২। সভায় ইউনিসেফ প্রতিনিধি Elisa Calpona [Child Protection Manager, UNICEF] জানান যে , শিশু বিষয়ক অধিদপ্তর বাস্তবায়নে জাতীয় পর্যায়ে এর আইনগত ভিত্তি ও সরকারের সদিচ্ছা রয়েছে। আন্তর্জাতিক পর্যায় থেকেও এ বিষয়ে তাগিদ ও সহযোগিতা অব্যাহত আছে। সম্প্রতি ইউনিসেফ কর্তৃক প্রকাশিত একটি সমীক্ষায় প্রস্তাবিত অধিদপ্তরের কর্মপরিধি ও আগামী ১০ বছরের সম্ভাব্য আর্থিক সংশ্লেষ নিয়ে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। শিশু বিষয়ক অধিদপ্তর গঠন ও বাস্তবায়ন কার্যক্রমে এ প্রতিবেদন সহায়তা করবে মর্মে তিনি সভায় জানান। এছাড়াও উক্ত সমীক্ষার বিষয়ে ঈদের ছুটির পর একটি কর্মশালা আয়োজনের প্রস্তাব করা হয়।

৩। বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক জানান যে, বাংলাদেশ শিশু একাডেমি ও প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তরের মধ্যে কর্মপরিধি ও কার্যক্রমের ওভালেপিং না হয় সে বিষয়ে গুরুত্ব আরোপ করেন। শিশু একাডেমির কর্মকর্তা/কর্মচারীদের পদমর্যাদা ও

পদবিন্যাসের সাথে সমন্বয় রেখে শিশু বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী পদ মর্যাদা ও কর্মপরিধি নির্ধারণ এবং কোনভাবেই যেন বাংলাদেশ শিশু একাডেমির কার্যক্রম ও সাংগঠনিক কাঠামো দূর্বল হয়ে না যায় সে বিষয়ে লক্ষ্য রাখতে সভায় অনুরোধ জানান।

৪। সভায় সেভ দ্য চিল্ড্রেন এর প্রতিনিধি জানান, শিশু বিষয়ক অধিদপ্তরের কর্মপরিধি ও কার্যক্রমে সরকারের ঘোষিত প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, এসডিজি ও সরকারের অন্যান্য প্ল্যান/পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে পর্যালোচনা করার বিষয়ে মতামত দেন।

সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

(১) প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তরের কার্যক্রমে শিশু সুরক্ষা ও অধিকার, শিশু পাচার ও নির্যাতন রোধ এবং শিশুর বিকাশ ও পুনর্বাসনে অধিকতর গুরুত্ব প্রদান,

(২) আগামী সভায় কমিটির সদস্যদের প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তরের কর্মপরিধিসহ সকল বিষয় পর্যালোচনাপূর্বক লিখিত মতামত/সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়,

৫। আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৮/০৪/২০২৪
মোঃ মুহিবুজ্জামান
অতিরিক্ত সচিব(শিশু ও সমন্বয়)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.০২২.০০৯.১৫.১০২

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ / ০৯ এপ্রিল ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

**(জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, শাহবাগ, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চীফ, ইউনিসেফ, ইউনিসেফ হাউজ, প্লট #এ-৩০, সৈয়দ মাহবুব মোর্শেদ এভিনিউ, শেরে-ই বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ।
৫. কর্মসূচি প্রধান, ব্রাক সেন্টার, ৭৫, মহাখালী, ঢাকা
৬. প্রধান, সেভ দ্য চিলড্রেন এলায়েন্স, ৪৩, হাউজ নং-৮৮, সিডব্লিউএন (এ রোড) ৩৫, ঢাকা-১২১২।
৭. সাধারন সম্পাদক, জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম, হেরাল্ডিক হাইটস,২/২ মোহাম্মদপুর, মিরপুর রোড, ঢাকা-১২০৭।
৮. চেয়ারম্যান, শিশু অধিকার ফোরাম, বাড়ি নং-৭১৫, সড়ক নং-১০, বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭।
৯. ম্যানেজার, পলেসি এন্ড এডভোকেসি, এডুকো, লেভেল-৩, হাউজ-৩০, সিডব্লিউএন(এ), রোড-৪২/৪৩, গুলশান-২, ঢাকা।
১০. সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯/৪/২৪
(মোসাঃ সালমা আকতার)
সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৮০৮৮৯
e-mail: sasshishu500@gmail.com